

ময়মনসিংহে পাসের হার ৭০ শতাংশ

নিজস্ব প্রতিবেদক,
ময়মনসিংহ

২৭ নভেম্বর, ২০২৩
১১:৩৯

শেয়ার

অ +

অ -



ময়মনসিংহ শিক্ষা বোর্ড। ফাইল ছবি

ময়মনসিংহ শিক্ষা বোর্ডে এবার পাসের হার ৭০.৪৪ শতাংশ। আর জিপিএ ৫ পাওয়া শিক্ষার্থীর সংখ্যা তিন হাজার ২৪৪। গত বছর জিপিএ ৫ পাওয়া শিক্ষার্থীর সংখ্যা ছিল সাত হাজার ৬৮৭।

তবে কয়েক বছরের মতো এবারও পাসের হার এবং জিপিএ ৫ প্রাপ্তিতে ছেলেদের চেয়ে এগিয়ে আছে মেয়েরা।

পাস করাদের মধ্যে ছাত্রের সংখ্যা ২৪ হাজার ৯২৩, পাসের হার ৬৯.৬১ শতাংশ। ছাত্রীর সংখ্যা ২৮ হাজার ৫০৩, পাসের হার ৭১.১৯ শতাংশ।

অপরদিকে জিপিএ ৫ প্রাপ্তদের মধ্যে ছাত্রের সংখ্যা এক হাজার ৪০৫ এবং ছাত্রীর সংখ্যা এক হাজার ৮৩৯। গতকাল এক বিজ্ঞপ্তিতে এ ফল জানিয়েছেন বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক মো. সামছুল ইসলাম।

তিনি জানান, বোর্ডের চার জেলায় ৭৫ হাজার ৮৪৫ জন পরীক্ষার্থীর মধ্যে পাস করেছে ৫৩ হাজার ৪২৬ জন।